



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

এবং

সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২১ - জুন ৩০, ২০২২

## সূচিপত্র

বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র .....	৩
প্রস্তাবনা .....	৪
সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি .....	৫
সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) .....	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা .....	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) .....	১৩
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক .....	১৪
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ .....	১৫
সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ .....	১৬

## বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Divisional Office)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

#### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

যুগোপযোগী ও মানসম্মত শিক্ষা প্রদানের লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন প্রকল্পের আওতায় প্রায় ৫০,০০০ ব.মি. আয়তনের একাডেমিক ভবন, প্রশাসনিক ভবন, শিক্ষার্থীদের জন্য হল ও শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের জন্য নতুন আবাসিক ভবন নির্মাণ এবং উর্দ্ধমুখী সম্প্রসারণ করা হয়েছে। সম্প্রতি চালুকৃত তিনটি ইনস্টিটিউট, একটি গবেষণা সেন্টার এবং ম্যাটেরিয়ালস সায়েন্স অ্যান্ড ম্যাটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগ ছাত্র-ছাত্রী ভর্তিসহ সকল কার্যক্রম চালু করা হয়েছে। স্থাপত্য, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, ট্রেজারি ইঞ্জিনিয়ারিং বিভাগসহ বিভিন্ন বিভাগের জন্য বৈজ্ঞানিক যন্ত্রপাতি ক্রয়, ল্যাব সুবিধা বৃদ্ধি ও বিভিন্ন বইপত্র, সাময়িকী, জার্নাল ক্রয় করা হয়েছে। বর্তমানে চলমান ‘অধিকতর উন্নয়ন প্রকল্প’-এর আওতায় নতুন ক্যাম্পাসের (২য় ক্যাম্পাস) জন্য জমি অধিগ্রহণ করাসহ শিক্ষার্থীদের জন্য হল এবং বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন করা হচ্ছে। দেশি-বিদেশি ০৬ টি বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সঙ্গে এমওইউ (MoU) স্বাক্ষরিত হয়েছে। বেশ কিছু জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে কর্মশালা ও কনফারেন্স আয়োজন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকবৃন্দ দেশি-বিদেশি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সেমিনার, কনফারেন্স ও ওয়ার্কশপে অংশগ্রহণের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ে বহুমুখী কর্মতৎপরতা অব্যাহত রাখছে। ল্যাব আধুনিকায়ন করা, বিশ্ববিদ্যালয়ের গবেষণা জার্নাল নিয়মিত প্রকাশ করাসহ বিভিন্ন কার্যক্রম ডিজিটাল পদ্ধতিতে পরিচালনার জন্য অনলাইনভিত্তিক রেজিস্ট্রেশন, ই-লার্নিং ইত্যাদি চালু করা হয়েছে। আইসিটি এর ক্ষেত্রে ডুয়েট ইনভেন্টরি ম্যানেজমেন্ট সিস্টেম, পোস্ট গ্রাজুয়েট অটোমেশন সিস্টেম, আউটকাম বেইজড এডুকেশনের আলোকে শিক্ষকদের প্রোফাইল আপডেট সিস্টেম, ডুয়েট অ্যালামনাই ম্যানেজমেন্ট সিস্টেম, ডুয়েট ট্রান্সপোর্ট ট্র্যাকিং সিস্টেম, ই-লার্নিং প্ল্যাটফর্মে শিক্ষার্থীদের শিক্ষাদান ও পে-ফিল্ডেশন অটোমেশন সিস্টেম ডুয়েটের উল্লেখযোগ্য অর্জন বলে বিবেচিত। এছাড়াও ডুয়েটের অধিকাংশ (প্রায় ৯০%) বিভাগ ভিশন ও মিশন নির্ধারণপূর্বক আউটকাম বেইজড এডুকেশনের আলোকে প্রস্তুতকৃত কারিকুলাম অনুশীলন করছে এবং ৪ টি বিভাগ ইতোমধ্যে অ্যাক্রিডিটেশনের জন্য আবেদন করেছে।

#### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

অপর্যাপ্ত জনবলের মাধ্যমে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা; প্রকৌশল বিদ্যায় দক্ষ ও মেধাবী স্নাতকদেরকে শিক্ষকতা পেশায় আকৃষ্ট করা; বরাদ্দকৃত অর্থের মধ্যে উচ্চমানের গবেষণা কার্যক্রম পরিচালনা এবং মেধাবীদের আকৃষ্ট করা; শিক্ষার্থী ও শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সংকট দূর করা; প্রকৌশল ও প্রযুক্তিভিত্তিক দক্ষ জনবল তৈরির জন্য শিক্ষা ও গবেষণার পরিবেশ তৈরি করা; শিক্ষার্থীদের পাঠদানের জন্য আধুনিক ক্লাসরুম ও আধুনিক ল্যাবরেটরিসহ অন্যান্য সুবিধা নিশ্চিত করা; স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীদের জন্য টিচিং অ্যাসিস্টেন্টশীপ এর পরিমাণ বৃদ্ধি করা; বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও নন-একাডেমিক স্টাফদের দক্ষতা বৃদ্ধির জন্য পর্যাপ্ত প্রশিক্ষণসহ সার্বিক সুযোগ সুবিধা নিশ্চিত করা অত্যন্ত চ্যালেঞ্জ। এছাড়া করোনা মহামারী পরিস্থিতিতে অনলাইন/ ডিসটেন্স লার্নিং প্রক্রিয়ায় শতাংশ শিক্ষার্থীদের নিয়ে শিক্ষা কার্যক্রম সচল রাখা অত্যন্ত চ্যালেঞ্জ হিসেবে আবির্ভূত হয়েছে।

#### ভবিষ্যৎ পরিকল্পনা:

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের ‘অধিকতর উন্নয়ন প্রকল্প’ শীর্ষক প্রকল্পের আওতায় নতুন ক্যাম্পাসে (২য় ক্যাম্পাস) হল নির্মাণসহ মোট ৩৩টি Components বাস্তবায়ন করা হবে। শিক্ষার গুনগত মান ও পরিবেশ তৈরিসহ খেলার মাঠ তৈরি, নতুন বিভাগের জন্য ক্লাসরুম ও অবকাঠামো তৈরি করা হবে। যুগোপযোগী আধুনিক ল্যাবরেটরি, গবেষণা কেন্দ্র ও নতুন নতুন বিভাগ স্থাপন করা হবে। তাছাড়া একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য অবকাঠামোগত উন্নয়ন ও লোকবল নিয়োগ করে শিক্ষার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করাসহ নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের বাস্তবায়ন করা এখন সর্বোচ্চ অগ্রাধিকারমূলক কাজ।

#### ২০২১-২২ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- প্রায় ১২,০০০ ব.মি. আয়তনের বিভিন্ন ধরনের ভবন নির্মাণ ও উর্দ্ধমুখী সম্প্রসারণ; প্রায় ৮৫ জন শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ প্রদান; কমপক্ষে ২০ টি সেমিনার/ কর্মশালা/ প্রশিক্ষণ আয়োজন এবং ০৯ টি নতুন গবেষণাগার, ইনোভেশন ল্যাব ও কম্পিউটার ল্যাব স্থাপন বা আধুনিকায়ন করা হবে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যক্রম অনলাইনে পরিচালনার দিকে জোর দেওয়া হবে।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

এবং

সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর মধ্যে ২০২১ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

### বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

#### ১.১ রূপকল্প (Vision)

‘আউটকাম বেইজ ইডুকেশন’, গবেষণা ও উদ্ভাবনে ‘সেন্টার অব এক্সেলেন্স’-এ রূপান্তর করা।

#### ১.২ অভিলক্ষ্য (Mission)

১.২.১ বিশ্বমানের শিক্ষা, গবেষণা ও উদ্ভাবনে উপযোগী পরিবেশ সৃষ্টি করা;

১.২.২ চাহিদার ভিত্তিতে প্রায়োগিক জ্ঞান, দক্ষতা ও নৈতিক গুণে গুণাবিত দক্ষতাসম্পন্ন কারিগরি পেশাজীবী সৃষ্টি করা;

১.২.৩ গবেষণা ও উদ্ভাবনে বিশ্ববিদ্যালয় এবং শিল্প-কারখানা, পেশাদার প্রতিষ্ঠানের মধ্যে বহুমাত্রিক একাডেমিক সহযোগিতার সুযোগ সৃষ্টি করা;

১.২.৪ দেশের আর্থ-সামাজিক ও শিল্প-কারখানার টেকসই উন্নয়নে নীতি নির্ধারণী ভূমিকা রাখা;

১.২.৫ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিজ্ঞান ও কারিগরি বিষয়ক সমস্যা সমাধানের জন্য চাহিদা মোতাবেক পরামর্শ প্রদান।

#### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

##### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. উচ্চশিক্ষার অধিকতর সম্প্রসারণ
২. উচ্চশিক্ষা ব্যবস্থাপনায় গুণগতমান নিশ্চিতকরণ
৩. উচ্চশিক্ষা গবেষণাকে বিশ্বমানে উন্নীতকরণ

##### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

#### ১.৪ কার্যাবলি (Functions)

১. যুগের চাহিদানুসারে বিশ্ববিদ্যালয়ে নতুন কোন বিভাগ, অনুষদ/ ইনস্টিটিউট, প্রোগ্রাম/কোর্স চালুকরণ;
২. চাহিদানুসারে বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ ইনস্টিটিউট/ অফিসের শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ;
৩. বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন;
৪. বিশ্ববিদ্যালয়ে নতুন গবেষণাগার, ইনোভেশন ল্যাব ও কম্পিউটার ল্যাব স্থাপন;
৫. প্রকৌশল ও প্রযুক্তিগত বিষয়ের উপর গবেষণা কার্যক্রম সম্প্রসারণ;
৬. স্বীকৃত জার্নালে গবেষণা প্রতিবেদন প্রকাশ;
৭. বিশ্ববিদ্যালয় ও শিল্প প্রতিষ্ঠানের সাথে কোঅপারেশন ও কোলাবোরেশন বৃদ্ধি;

**সেকশন ২**  
**বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)**

চূড়ান্ত ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা ২০২১-২২	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাঙ্গসূত্র
						২০২২-২০২৩	২০২৩-২০২৪		
পিএইচডি ডিগ্রি প্রদান	বৃদ্ধির হার	সংখ্যা	০০	০১	০১	০২	০৩	বিশ্ববিদ্যালয় ও বিভাগ/ইনস্টিটিউটসমূহ	বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বিভাগ/ইনস্টিটিউট/ অফিসসমূহ
এমফিল ডিগ্রি প্রদান	বৃদ্ধির হার	সংখ্যা	০১	০০	০২	০৩	০৪	বিশ্ববিদ্যালয় ও বিভাগ/ইনস্টিটিউটসমূহ	বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বিভাগ/ইনস্টিটিউট/ অফিসসমূহ
এম.এস/মাস্টার্স ডিগ্রি প্রদান	বৃদ্ধির হার	সংখ্যা	২০	০৯	৪০	৪২	৪৪	বিশ্ববিদ্যালয় ও বিভাগ/ইনস্টিটিউটসমূহ	বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বিভাগ/ইনস্টিটিউট/ অফিসসমূহ
স্নাতক ডিগ্রি প্রদান	বৃদ্ধির হার	সংখ্যা	৪৭৬	০৭	৪০০	৪৫০	৫০০	বিশ্ববিদ্যালয় ও বিভাগ/ইনস্টিটিউটসমূহ	বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বিভাগ/ইনস্টিটিউট/ অফিসসমূহ
স্বীকৃত জার্নালে গবেষণা প্রতিবেদন প্রকাশ	সংখ্যা	সংখ্যা	৮০	১৩২	১৫০	১৬০	১৮০	বিশ্ববিদ্যালয় ও বিভাগ/ইনস্টিটিউটসমূহ	বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বিভাগ/ইনস্টিটিউট/ অফিসসমূহ

\*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩  
কর্মসম্পাদন পরিকল্পনা

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] উচ্চশিক্ষার অধিকতর সম্প্রসারণ	২৫	[১.১] বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ ইন্সটিটিউট/ অফিসের শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ	[১.১.১] নিয়োগকৃত নতুন শিক্ষক	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	২৭	৩৬	৪০	৩৬	৩০	২৫	২০	৪০	৪০
			[১.১.২] নিয়োগকৃত নতুন কর্মকর্তা	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	০৪	০৫	১৫	১২	১০	০৮	০৬	১৫	১৫
			[১.১.৩] নিয়োগকৃত নতুন কর্মচারী	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	৩৫	২২	৩০	২৭	২৪	২২	১৮	৩০	৩০
		[১.২] বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন	[১.২.১] নির্মিত ছাত্র হল	ক্রমপুঞ্জিভূত	ব মি	১০	৩২৫০	২৩০০	৭৩৬০	৭০০০	৬৫০০	৬০০০	৫৫০০		
			[১.২.২] নির্মিত একাডেমিক ভবন।	ক্রমপুঞ্জিভূত	ব মি	৫	৩৬০০	২৬০০	৩৪০০	৩২০০	৩০০০	২৮০০	২৫০০	১২০০০	১২০০০
			[১.২.৩] নির্মিত আবাসিক ভবন/ প্রশাসনিক ও অন্যান্য	ক্রমপুঞ্জিভূত	ব মি	৩	৪০০০	৩০০০	৬৬০	৬০০	৫০০	৪০০	৩০০		



কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[২] উচ্চশিক্ষা ব্যবস্থাপনায় গুণগতমান নিশ্চিতকরণ	২৫	[২.১] বিশ্ববিদ্যালয়সমূহে নতুন গবেষণাগার, ইনোভেশন ল্যাব ও কম্পিউটার ল্যাব স্থাপন বা আধুনিকায়ন	[২.১.১] স্থাপিত নতুন গবেষণাগার	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	১০	০৫	০১	০৬	০৫	০৪	০৩	০২	০৫	০৫
			[২.১.২] উন্নয়কৃত/ সম্প্রসারিত গবেষণাগার।	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	০২	০১	০৩	০৩	০৩	০২	০১	০৩	০৩
		[২.২] বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম ডিজিটাইজেশন	[২.২.১] ডিজিটাইজেশনকৃত বিভিন্ন কার্যক্রম	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	০৩	০৩	০৩	০৩	০২	০২	০১	০৩	০৩
		[২.৩] কো-কারিকুলাম কার্যক্রম আয়োজন করা	[২.৩.১] আয়োজিত বিভিন্ন প্রোগ্রাম	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	১০	১০	১১	১০	০৯	০৮	০৭	১৩	১৪
		[২.৪] বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর ডিজিটাইজেশনের সুবিধা সম্প্রসারণ	[২.৪.১] ডিজিটাইজেশনকৃত বিভিন্ন কার্যক্রম	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	১	০১		০১	০১	০১	০১			
		[২.৫] সিন্ডিকেট সভা	[২.৫.১] আয়োজিত সভা	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	০৫	০৪	০৫	০৫	০৪	০৪	০৩	০৫	০৬
		[২.৬] একাডেমিক কাউন্সিল সভা	[২.৬.১] আয়োজিত সভা	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	০৪	০৬	০৬	০৫	০৪	০৩	০২	০৬	০৬
		[২.৭] অর্থ কমিটি সভা	[২.৭.১] আয়োজিত সভা	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	০৬	০৬	০৬	০৬	০৫	০৫	০৪	০৬	০৬

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র															
[৩] উচ্চশিক্ষা গবেষণাকে বিশ্বমানে উন্নীতকরণ	২০	[৩.১] প্রকৌশল ও প্রযুক্তিগত বিষয়ের উপর গবেষণা	[৩.১.১] পি এইচডি, এমফিল, মাস্টার্স ও সম্পাদিত গবেষণা	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৮	৪২	২৩	৭০	৬০	৫০	৪৫	৪০	৯০	১০০
		[৩.২] স্বীকৃত জার্নালে গবেষণা প্রতিবেদন প্রকাশ	[৩.২.১] প্রকাশিত গবেষণা প্রতিবেদন	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৬	৮০	১৩২	১৫০	১৪৫	১৪০	১৩৫	১৩০	১৬০	১৮০
		[৩.৩] বিশ্ববিদ্যালয় ও শিল্প প্রতিষ্ঠানের সাথে কোঅপারেশন ও কোলাবোরেশন বৃদ্ধি	[৩.৩.১] স্বাক্ষরিত এমওইউ	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২		০৪	০৭	০৬	০৫	০৪	০৩	০৭	০৭
		[৩.৪] বিশ্ববিদ্যালয়ের যানবাহন সুবিধা বৃদ্ধিকরণ	[৩.৪.১] বিশ্ববিদ্যালয়ের যানবাহন সুবিধা বৃদ্ধিকরণ জন্য নতুন যানবাহন ক্রয়	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	১			০২	০২	০১	০১	০১	০০	০০
		[৩.৫] সেমিনার/ কনফারেন্স/ ওয়ার্কশপ আয়োজন	[৩.৫.১] আয়োজিত সেমিনার/ কনফারেন্স/ ওয়ার্কশপ	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	৩	২২	১৭	২০	১৭	১৫	১৩	১০	২২	২৫

কর্মসম্পাদনের ক্ষেত্র	কর্মসম্পাদনের ক্ষেত্রের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০১৯-২০	প্রকৃত অর্জন* ২০২০-২১	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২১-২২					প্রক্ষেপণ ২০২২-২০২৩	প্রক্ষেপণ ২০২৩-২০২৪
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই- গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

\*সাময়িক (provisional) তথ্য

আমি, রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হিসাবে রেজিস্ট্রার, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

রেজিস্ট্রার  
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তারিখ

সচিব  
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

তারিখ

## সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ইউজিসি	ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন
২	ইনস্টিটিউট	বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটসমূহ
৩	বিডিরেন (BdREN)	বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশন নেটওয়ার্ক
৪	বিভাগ	বিশ্ববিদ্যালয়ের বিভাগসমূহ
৫	বিমক	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৬	মন্ত্রণালয়	শিক্ষা মন্ত্রণালয়

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ ইন্সটিটিউট/ অফিসের শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ	[১.১.১] নিয়োগকৃত নতুন শিক্ষক	রেজিস্ট্রার অফিস	অফিস আদেশ, বিভিন্ন নথি
	[১.১.২] নিয়োগকৃত নতুন কর্মকর্তা	রেজিস্ট্রার অফিস	অফিস আদেশ, বিভিন্ন নথি
	[১.১.৩] নিয়োগকৃত নতুন কর্মচারী	রেজিস্ট্রার অফিস	অফিস আদেশ, বিভিন্ন নথি
[১.২] বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন	[১.২.১] নির্মিত ছাত্র হল	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
	[১.২.২] নির্মিত একাডেমিক ভবন।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
	[১.২.৩] নির্মিত আবাসিক ভবন/ প্রশাসনিক ও অন্যান্য	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
[২.১] বিশ্ববিদ্যালয়সমূহে নতুন গবেষণাগার, ইনোভেশন ল্যাব ও কম্পিউটার ল্যাব স্থাপন বা আধুনিকায়ন	[২.১.১] স্থাপিত নতুন গবেষণাগার	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
	[২.১.২] উন্নয়নকৃত/ সম্প্রসারিত গবেষণাগার।	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) অফিস	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
[২.২] বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম ডিজিটাইজেশন	[২.২.১] ডিজিটাইজেশনকৃত বিভিন্ন কার্যক্রম	আইসিটি সেল ও কম্পিউটার সেন্টার	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
[২.৩] কো-কারিকুলাম কার্যক্রম আয়োজন করা	[২.৩.১] আয়োজিত বিভিন্ন প্রোগ্রাম	পরিচালক( ছাত্রকল্যাণ) অফিস ও শারীরিক শিক্ষা কেন্দ্র	অফিস আদেশ, অনুষ্ঠান সূচি ও বিভিন্ন নথি
[২.৪] বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর ডিজিটাইজেশনের সুবিধা সম্প্রসারণ	[২.৪.১] ডিজিটাইজেশনকৃত বিভিন্ন কার্যক্রম	কেন্দ্রীয় লাইব্রেরি	অফিস আদেশ, ও বিভিন্ন নথি
[২.৫] সিন্ডিকেট সভা	[২.৫.১] আয়োজিত সভা	রেজিস্ট্রার অফিস	নোটিশ ও বিভিন্ন নথি
[২.৬] একাডেমিক কাউন্সিল সভা	[২.৬.১] আয়োজিত সভা	রেজিস্ট্রার অফিস	নোটিশ ও বিভিন্ন নথি
[২.৭] অর্থ কমিটি সভা	[২.৭.১] আয়োজিত সভা	কম্পট্রোলার অফিস	নোটিশ ও বিভিন্ন নথি
[৩.১] প্রকৌশল ও প্রযুক্তিগত বিষয়ের উপর গবেষণা	[৩.১.১] পি এইচডি, এমফিল, মাস্টার্স ও সম্পাদিত গবেষণা	বিভিন্ন বিভাগ , ইনস্টিটিউট, অফিস	অফিস আদেশ, কার্যবিবরণী ও বিভিন্ন নথি
[৩.২] স্বীকৃত জার্নালে গবেষণা প্রতিবেদন প্রকাশ	[৩.২.১] প্রকাশিত গবেষণা প্রতিবেদন	বিভিন্ন বিভাগ , ইনস্টিটিউট, অফিস	অফিস আদেশ, কার্যবিবরণী ও বিভিন্ন নথি
[৩.৩] বিশ্ববিদ্যালয় ও শিল্প প্রতিষ্ঠানের সাথে কোঅপারেশন ও কোলাবোরেশন বৃদ্ধি	[৩.৩.১] স্বাক্ষরিত এমওইউ	বিভিন্ন বিভাগ , ইনস্টিটিউট, অফিস	অফিস আদেশ, ও বিভিন্ন নথি
[৩.৪] বিশ্ববিদ্যালয়ের যানবাহন সুবিধা বৃদ্ধিকরণ	[৩.৪.১] বিশ্ববিদ্যালয়ের যানবাহন সুবিধা বৃদ্ধিকরণ জন্য নতুন যানবাহন ক্রয়	পরিচালক ( যানবাহন) অফিস	অফিস আদেশ, কার্যাদেশ ও বিভিন্ন নথি
[৩.৫] সেমিনার/ কনফারেন্স/ ওয়ার্কশপ আয়োজন	[৩.৫.১] আয়োজিত সেমিনার/ কনফারেন্স/ ওয়ার্কশপ	বিভিন্ন বিভাগ , ইনস্টিটিউট, অফিস	অফিস আদেশ, কার্যবিবরণী ও বিভিন্ন নথি

### সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর ডিজিটালাইজেশনের সুবিধা সম্প্রসারণ	ডিজিটালাইজেশনকৃত বিভিন্ন কার্যক্রম	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক বিভিন্ন কার্যক্রম ডিজিটালাইজেশন	ডিজিটালাইজেশনকৃত বিভিন্ন কার্যক্রম	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন	নির্মিত ছাত্র হল	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন	নির্মিত একাডেমিক ভবন।	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামো উন্নয়ন	নির্মিত আবাসিক ভবন/ প্রশাসনিক ও অন্যান্য	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ে লাইব্রেরীর সুবিধা বৃদ্ধিকরণ	সম্প্রসারিত ডিজিটাল লাইব্রেরী সুবিধা	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়সমূহে নতুন গবেষণাগার, ইনোভেশন ল্যাব ও কম্পিউটার ল্যাব স্থাপন বা আধুনিকায়ন	স্থাপিত নতুন গবেষণাগার	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	পর্যাপ্ত বাজেট বরাদ্দ পাওয়া সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ ইন্সটিটিউট/ অফিসের শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ	নিয়োগকৃত নতুন শিক্ষক	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	নিয়োগের অনুমোদন সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ ইন্সটিটিউট/ অফিসের শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ	নিয়োগকৃত নতুন কর্মকর্তা	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	নিয়োগের অনুমোদন সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে
বিশ্ববিদ্যালয়ের বিভাগ/ ইন্সটিটিউট/ অফিসের শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগ	নিয়োগকৃত নতুন কর্মচারী	বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন	নিয়োগের অনুমোদন সাপেক্ষে কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করা হবে

### সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ